উপজেলা পরিষদ

গোলাপগঞ্জ, সিলেট

<u>ফেব্রুয়ারি/২০২৫ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী</u>

সভাপতিঃ জনাব মিলটন চন্দ্র পাল, প্রশাসক, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভার তারিখ ও সময়ঃ ১৮ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিঃ সকাল ১১.৩০ ঘটিকা।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত)

সভার প্রারম্ভে সভাপতি জনাব মিলটন চন্দ্র পাল উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ পরিচালনা করেন। সভায় আলোচ্য সূচি অনুযায়ী বিভিন্ন দপ্তরের ভিন্ন ভিন্ন বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

<table>
<tr><th>ক্র. নং</th><th>বিভাগের নাম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>১</td><td>বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন</td><td>উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরনীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td><td>বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়।</td><td>সংশ্লিষ্ট কর্তৃপক্ষ</td></tr>
<tr><td>২</td><td colspan="4">পরিষদে হস্তান্তরিত/ন্যাস্তকৃত বিভাগ সমূহের কার্যাবলীঃ</td></tr>
<tr><td>২/১</td><td>স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ</td><td>উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থিত সভাপতি সুযোগ্য উপজেলা নির্বাহী অফিসার এবং পরিষদের সবার সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে প্রকৌশলী তার বক্তব্য উপস্থাপন করেন। বক্তব্যের শুরুতে তিনি জানান যে, বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে। উপজেলা পরিষদ উন্নয়ন পরিকল্পনা ২০২৪-২০২৫ইং বাস্তবায়নের জন্য আগামীকাল দরপত্র গ্রহণ করা হবে এবং মার্চ মাসের শুরুতেই চুক্তি সম্পাদন পূর্বক মার্চ/এপ্রিল ২০২৫ইং এর মধ্যে শতভাগ উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা যাবে মর্মে উপজেলা প্রকৌশলী আশা প্রকাশ করেন।<br>উপজেলা প্রকৌশলী জানান যে, গত ২৬ ডিসেম্বর ২০২৪ইং তারিখে উপজেলা বার্ষিক উন্নয়ন কর্মসূচী ২০২৪-২০২৫ চূড়ান্ত তালিকা অনুমোদন দেওয়া হয়। উক্ত তালিকার ৪৫নং ক্রমিকে খাত ভিত্তিক বিভিন্ন প্রকল্পের বিপরীতে ১৮,০০,০০০.০০ (আঠার লক্ষ) টাকা অনুমোদন দেওয়া হয়। প্রকল্পগুলো বাস্তবায়নের লক্ষ্যে উক্ত পরিমাণ টাকা প্রকল্প অনুযায়ী বিভাজন এবং পরিষদ কর্তৃক অনুমোদন প্রয়োজন। নিম্নে খাত বিত্তিক বিভাজন উপস্থাপন করা হলো।
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>প্রকল্পের নাম</th><th>টাকার পরিমাণ</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td></tr>
<tr><td>০১</td><td>গোলাপগঞ্জ উপজেলার কয়েকটি ইউনিয়নে তৈলা জাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে উন্নত জাতের সরিষা বীজ ও সার বিতরণ।</td><td>২,০০,০০০.০০</td><td></td></tr>
<tr><td>০২</td><td>নিরাপদ প্রাণিজ প্রোটিন উৎপাদনের লক্ষ্যে গোলাপগঞ্জ উপজেলার বিভিন্ন ইউনিয়নে গবাদি পশুর লাম্পি স্কিন ডিজিজ রোগের ভ্যাকসিনেশন ক্যাম্পেইন।</td><td>২,০০,০০০.০০</td><td></td></tr>
<tr><td>০৩</td><td>ক্ষুদ্র নারী উদ্যোক্তা তৈরীর লক্ষ্যে নোয়াই মুরগি পালন সমিতির নারী উদ্যোক্তাদের মাঝে বাড়ন্ত মুরগি ও খাদ্য বিতরণ।</td><td>২,০০,০০০.০০</td><td></td></tr>
<tr><td>০৪</td><td>গোলাপগঞ্জ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে</td><td>২,০০,০০০.০০</td><td></td></tr>
</table></td><td>উপজেলা পরিষদ উন্নয়ন পরিকল্পনা আগামী এপ্রিল/মে ২০২৫ইং এর মধ্যে শেষ করার কার্যকরী পদক্ষেপ নেওয়ার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। উপজেলা প্রকৌশলী কর্তৃক উপস্থাপিত প্রকল্পসমূহের বিপরীতে বিভাজন অনুযায়ী প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য সর্বসম্মতভাবে সভায় সিদ্ধান্ত গৃহীত হলো এবং ৭নং লক্ষনাবন্দ ইউনিয়নের কুঁড়ির বাজার হইতে চাপড়া বিল পর্যন্ত কাঁচা সড়কটি LGED'র Road Inventory</td><td>প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান সকল</td></tr>
</table>

CamScanner

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>
<table>
<tr><td></td><td>শিক্ষা উপকরণ বিতরণ।</td><td></td><td></td></tr>
<tr><td>০৫</td><td>গোলাপগঞ্জ উপজেলার বিভিন্ন সরকারি টিলা ও সড়কে বৃক্ষরোপণ কর্মসূচীর আয়োজন।</td><td>১,৫০,০০০.০০</td><td></td></tr>
<tr><td>০৬</td><td>গোলাপগঞ্জ উপজেলার বিভিন্ন ইউনিয়নে ক্রীড়া উপকরণ বিতরণ।</td><td>২,০০,০০০.০০</td><td></td></tr>
<tr><td>০৭</td><td>গোলাপগঞ্জ উপজেলায় জন্ম নিবন্ধন কার্যক্রম সঠিকভাবে পরিচালিত করার লক্ষ্যে প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন</td><td>২,০০,০০০.০০</td><td></td></tr>
<tr><td>০৮</td><td>নারী উন্নয়ন ফোরামের আওতায় গোলাপগঞ্জ উপজেলার বিভিন্ন ইউনিয়নে আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে প্রয়োজনীয় উপকরণ বিতরণ।</td><td>১,০০,০০০.০০</td><td></td></tr>
<tr><td>০৯</td><td>গোলাপগঞ্জ উপজেলার বিভিন্ন ইউনিয়নে উদ্যোক্তা সৃষ্টির লক্ষে বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন।</td><td>১,০০,০০০.০০</td><td></td></tr>
<tr><td>১০</td><td>গোলাপগঞ্জ উপজেলার যুব উন্নয়ন অধিদপ্তরের আওতায় প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন।</td><td>১,০০,০০০.০০</td><td></td></tr>
<tr><td>১১</td><td>গোলাপগঞ্জ উপজেলায় ICT সংক্রান্ত প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন।</td><td>১,০০,০০০.০০</td><td></td></tr>
<tr><td>১২</td><td>গোলাপগঞ্জ উপজেলার বিভিন্ন মজা পুকুরে মাছের পোনা অবমুক্ত করণ কর্মসূচীর আয়োজন।</td><td>৫০,০০০.০০</td><td></td></tr>
<tr><td></td><td>মোট</td><td>১৮,০০,০০০.০০</td><td></td></tr>
</table>
তিনি আরো জানান যে, গোলাপগঞ্জ উপজেলার ৭নং লক্ষনাবন্দ ইউনিয়নের ঢুঁড়ির বাজার হইতে চাপড়া বিল পর্যন্ত প্রায় ৫০০মিটার কাঁচা সড়ক বিদ্যমান। উক্ত সড়কটি LGED'র Road Inventory অর্ন্তভুক্ত না থাকায় দীর্ঘ দিন যাবত কোন প্রকার উন্নয়ন হচ্ছে না। উক্ত সড়কটি LGED'র Road Inventory ভুক্ত করে তার উন্নয়ন প্রস্তাব উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে প্রেরণের পূর্বে উপজেলা পরিষদের সমন্বয় সভায় অনুমোদিত হতে হয় বিধায় সকল সদস্যের দৃষ্টি আকর্ষন করে অনুমোদনের জন্য অনুরোধ জানান।
</td>
<td>তে অর্ন্তভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।</td>
<td></td>
</tr>
<tr>
<td>২/১</td>
<td>স্বাস্থ্য বিভাগ</td>
<td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, বিগত মাসে বহিঃবিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ১৮০৫৩জন, অন্তঃবিভাগে ভর্তিকৃত রোগীর সংখ্যা ৬৫৫২ জন, ইমার্জেন্সি বিভাগে সেবা প্রাপ্ত ২৫৭২ জন, নরমাল প্রসব সেবা ৫৬ জন, ইপিআই টিকার হার ৯৮ ভাগ, ইসিজি ১০৮ জন, সিজারিয়ান প্রসব সেবা ০২ জন। ল্যাব টেষ্ট ৪৮০। জন্ম নিবন্ধন সেবা গতিশীল করা এবংহাসপাতালের চিকিৎসক স্বল্পতার কারণে সার্বিক কার্যক্রম ব্যাহত হওয়ার বিষয়ে আলোচনা হয়।</td>
<td>হাসপাতালের সেবা কার্যক্রম আরও উন্নত করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা স্বাস্থ্যওপ.প. কমকর্তা/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান</td>
</tr>
<tr>
<td>২/২</td>
<td>পরিবার পরিকল্পনা বিভাগ</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা পর পর তিনটি সভা সহ বিগত সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা।</td>
<td>সংশ্লিষ্ট বিষয়ে বিভাগীয় উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিতকরনের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>প্রশাসকউপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প.প. কমকর্তা</td>
</tr>
<tr>
<td>২/৩</td>
<td>কৃষি বিভাগ</td>
<td>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান,বর্তমান মৌসুমে বোরো আবাদের লক্ষ্যমাত্রা ছিল ৭৭০০ হেক্টর এ পর্যন্ত ৭৬% হারে ৫৮৬৫ হেক্টর জমিতে বোরো আবাদ করা হয়েছে। এ মৌসুমে ভুট্টা অর্জন হয়েছে ৫৫ হেক্টর, সরিষা ৭৩০ হেক্টর, তরমুজ ৯ হেক্টর। আমনধানের প্রনোদনা বিতরনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বছর উপজেলায় ৫৬০০ টি বস্তায় আদা চাষের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে।</td>
<td>বোরো আবাদ ফলনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>প্রশাসকউপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ /উপজেলা কৃষি কমকর্তা</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ২/৫ | মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় উপস্থিতি নিশ্চিতের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসকউপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সি. উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ২/৬ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান, বিগত মাসে গবাদি পশুর চিকিৎসা ২০৭৮ টি, হাঁস মুরগীর চিকিৎসা ১৫২৬৬ টি, কৃত্রিম প্রজনন ২৩২ টি, গবাদি পশুর টিকা প্রদান ১৬৮০ টি, হাঁস মুরগীর টিকা প্রদান ৩৮২০০ টি, উন্নত জাতের ঘাসচাষ সম্প্রসারন ৩.৫৫একর, উঠান বৈঠক আয়োজন ০৬ টি, ভেকসিনেশন ক্যাম্পেইন ০৫ টি, ফ্রি ভেটেরিনারী মেডিকেল টিম ০১ টি। | গবাদি পশু ও হাঁস মুরগীর টিকা কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৭ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, কাবিখা, কাবিটা ও টিআর সকল প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটি ২০/০২/২৫ তারিখের মধ্যে কমিটির সাথে প্রকল্পের ২ কপি ছবি সহ জমা দিতে হবে এবং আগামী সপ্তাহের মধ্যে সকল প্রকল্পের কাজ শুরু করতে হবে। ২৮/০২/২৫ তারিখের মধ্যে সকল প্রকল্পের কাজ শেষ করার জন্য অনুরোধ করা হলো। | কাবিখা, কাবিটা ও টিআর প্রকল্প কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৮ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, অনলাইনে শিক্ষক বদলীর কার্যক্রম চলছে। আমরা ২০২৫ সালে নতুন শিক্ষার্থী ভর্তি বৃদ্ধি নিশ্চিত করা এবং মান সম্মত শিক্ষা বাস্তবায়নের উপর জোর কার্যক্রম চালিয়ে যাচ্ছি। | অনলাইনে শিক্ষক বদলীর কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৯ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, তারুন্যের উৎসব ২০২৫ উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে যথাযথভাবে পালিত হয়েছে। বিনামূল্যে বিতরনযোগ্য পাঠ্যপুস্তক সরবরাহ পাওয়া মাত্র বিতরনের ব্যবস্থা নেয়া হচ্ছে। ইবতেদায়ী স্তরের পাঠ্যপুস্তক ব্যতিত মাধ্যমিক স্তরের চাহিদার প্রায় ৬০% পুস্তক পাওয়া গিয়েছে। | পাঠ্যপুস্তক দ্রুত আসার ব্যবস্থা করা সহ সুষ্ঠুভাবে বিতরন কার্যক্রমের ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মাধ্যমিক শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ক্র/ ১০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভাকে জানান, মানব সম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ, স্যানিটেশন এবং হাইজিন প্রকল্পের আওতায় [illegible] টি গভীর নলকূপ স্থাপন কাজ চলমান আছে। উক্ত কাজ বাস্তবায়নের জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন। এছাড়া সমন্বিত নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় প্রতি ইউনিয়নে ১১ টি নলকূপ বরাদ্দ প্রদান করা হয়েছে। একটি ইউনিয়ন ব্যতিত সকল ইউনিয়নের স্থান নির্বাচন তালিকা পাওয়া গেছে। দ্রুত স্থান নির্বাচন তালিকা প্রদানের জন্য অনুরোধ করা হয়। | একটি ইউনিয়নের স্থান নির্বাচন তালিকা দ্রুত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান/উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ক্র/ ১১ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভাকে জানান, উপজেলা সমাজসেবা কার্যালয়ের ২০১৪-১৫ অর্থ বছরের তৃতীয় কিস্তির ভাতার প্রদানের নির্দেশনা এসেছে। চলতি ফেব্রুয়ারি মাসের মধ্যেই নতুন বরাদ্দকৃত বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতার নতুন কার্ড প্রদান করতে হবে। এ বিষয়ে ইউপি চেয়ারম্যানগণের বিশেষ দৃষ্টি আকর্ষণ করেন। উল্লেখ্য যে, ২০১৪-১৫ অর্থবছরে বয়স্কভাতা [illegible] জন, বিধবাভাতা [illegible] জন এবং প্রতিবন্ধী ভাতা ৪৬০ টি বরাদ্দ এসেছে। এছাড়া বিভিন্ন উপকারভোগীদের ভাতা প্রতিস্থাপন সহ পরিবর্তন ও মানোন্নয়নের নিয়মানুযায়ী দ্রুত সময়ের মধ্যে উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করেন। | বয়স্ক ও বিধবা ভাতার কার্যক্রম নীতিমালার আলোকে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমাজসেবা কর্মকর্তা/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ক্র/ ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান, জানুয়ারি/ফেব্রুয়ারি/২০১৫ মাসে [illegible] মাসব্যাপী যুবক ও যুব মহিলা নিয়ে সহযোগী প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। ৩০ জন যুবক যুবমহিলাকে এই প্রশিক্ষণ দেয়া হয়েছে। [illegible] ইউপি ২ টি এবং [illegible] ২ টি কর্মসংস্থান মূলক কাজ সম্পন্ন হয়েছে। [illegible] উপর ২০১৫ উপলক্ষে যুব সমাবেশ করা হয়েছে। | কর্মসংস্থান মূলক যুবক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান। | প্রধান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ক্র/ ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান, ২০১৪-১৫ অর্থবছরে ঋণ বিতরণ ১৩.৭০ লক্ষ টাকা এবং ঋণ আদায় ১২.০৫ লক্ষ টাকা। বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিক আছে। | উপকারভোগীদের ঋণ আদায়ের হার বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ক্র/ ১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভাকে জানান, ফেব্রুয়ারি ১৫ পর্যন্ত মোট ৮৭ টি সমিতির অডিট সম্পন্ন হয়েছে এবং ৫ টি সমিতি পরিদর্শন করা হয়েছে। চলতি মাসে অডিট ফি বাবদ [illegible] টাকা আদায় করা হয়েছে। | অডিট কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমবায় কর্মকর্তা/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

| | | | | |
|---|---|---|---|---|
| ২/১৫ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, আগামী মার্চ-এপ্রিল২০২৫ মাস হতে খাদ্য বান্ধব কর্মসূচিতে চাল বিতরন শুরু হবে। খাদ্যবান্ধব কর্মসূচীর ভোক্তার তালিকা হালনাগাদ করতে হবে। সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বরাবর তালিকা সংশোধনের জন্য ( মৃত ব্যক্তি,প্রবাসে থাকা, স্থানান্তরিত ব্যক্তি) পত্র প্রেরন করা হবে। প্রতিটি ইউনিয়নে ০১ জন করে খাদ্যবান্ধব ডিলার নিয়োগ করার জন্য ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। খোলাবাজারে গোলাপগঞ্জ পৌরসভায় ০২ টি বিক্রয়কেন্দ্রে চাল বিক্রয় কার্যক্রম চলমান। | খাদ্য বান্ধব কর্মসূচী কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৬ | মহিলা বিষয়ক অধিদপ্তর | মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় মাসিক বরাদ্দ প্রতি ইউনিয়নে ৯ জন ও পৌরসভায় ১৮ জন নামের তালিকা প্রতি মাসের [illegible] অনলাইনে প্রেরণের পাশাপাশি উক্ত কর্মকর্তার কার্যালয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যান/পৌর প্রশাসকের স্বাক্ষর সহ হার্ডকপি প্রেরণের জন্য পুনরায় অনুরোধ করা যাচ্ছে। বিষয়টি জরুরী | মা ও শিশু সহায়তা কর্মসূচী কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৭ | বন বিভাগ | ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় উপস্থিতি নিশ্চিতের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা বন কর্মকর্তা |
| ২/১৮ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সভায় জানান, বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রয়েছে। বর্তমানে কোন লোডশেডিং নেই। সার্বিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রাখার জন্য ডিজিএম পল্লীবিদ্যুৎকে অনুরোধ করা হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ ডিজিএম /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৯ | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক সভায় সভায় জানান, মোট সমিতির সংখ্যা ২৮১ টি, মোট সদস্য ১০৭৯৫ টি, মোট আউট স্ট্যান্ডিং ১৭ কোটি মাসিক আদায় ১ কোটি ১৫ লাখ টাকা মাত্র । মোট ইনকাম ৬ লক্ষ ৯০ হাজার টাকা। সিলেট জেলার মধ্যে ২য় স্থানে আছে। | ঋণ আদায়ের হার বাড়ানোর জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/২০ | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন বিভাগ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান, বিগত মাস পর্যন্ত ঋণ বিতরন ১১১ লক্ষ ৫০ হাজার টাকা, ঋণ আদায় ১৫৪ লক্ষ ১৬ হাজার টাকা। হার ৯৫%। মোট পাওনা ২ কোটি ০৮ লক্ষ ২৫ হাজার টাকা। সুফলভোগীদের সংখ্যা ৬১৫ জন। সুফল ভোগীদের সঞ্চয় জমার পরিমান ৬৭ লক্ষ ৪৪ হাজার টাকা। | ঋণ আদায়ের লক্ষমাত্রা বাড়ানোর জন্য পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২/ ২১ | বিআরডিবি বিভাগ | উপসহকারী প্রকৌশলী সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় উপস্থিতি নিশ্চিতের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহীঅফিসার/ উপসহকারী প্রকৌশলী বিআরডিবি /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ২২ | উপজেলা পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান, অর্থনৈতিক শুমারী ২০২৪ এ নিয়োজিত গোলাপগঞ্জের সকল গণনাকারী, সুপারভাইজার আইটি সুপারভাইজারের পারিতোষিক ভাতা তাদের নিজ নিজ বিকাশ নাম্বারে ক্যাশলেসভাবে কেন্দ্রীয় পর্যায় থেকে ফেব্রুয়ারি মাসের প্রথম সপ্তাহে প্রেরণ করা হয়েছে। এ জন্য পরিষদ সহ যে সকল স্টেক হোল্ডার সম্পর্কিত ছিল তাদেরকে আমি ধন্যবাদ জ্ঞাপন করছি সুষ্ঠুভাবে শুমারির কাজ সম্পাদনের জন্য। সিপিএস জরিপটি ০৬ ফেব্রুয়ারি থেকে ২৩ ফেব্রুয়ারি ২০২৫ সালে সারা বাংলাদেশে পরিচালিত হচ্ছে। জরিপের মাধ্যমে ১৯২০ টি পিএসইউ থেকে প্রায় ৪৬০৮০ টি খানার তথ্যাদি ট্যাবলেট ব্যবহার করে কেপি পদ্ধতিতে তথ্য সংগ্রহ করা হবে। যা সমগ্র দেশের নাগরিকদের অভিজ্ঞতা ও মতামতের একটি প্রতিনিধি চিত্র তুলে ধরবে। জরিপটি বিশেষভাবে ঘুষ,দুর্নীতি, সরকারি সেবার মান, নাগরিক নিরাপত্তা এবং ন্যায় বিচারের প্রবেশাধিকার নিয়ে জনগণের অভিজ্ঞতা ও ধারা মূল্যায়ন করবে। | সিপিএস জরিপ কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহীঅফিসার/ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ২৩ | চেয়ারম্যান লক্ষনাবন্দ ইউপি | চেয়ারম্যান, লক্ষনাবন্দ ইউপি সভায় জানান, টিআর , কাবিখা ও কাবিটা বৃষ্টির আগেই বাস্তবায়নের এবং টিসিবি কার্ড বিতরণে ওটিপি এবং মোবাইল নাম্বার নিয়ে সমস্যা সমাধানের প্রস্তাব উত্থাপন করেন। | সংশ্লিষ্ট বিষয়টি পর্যবেক্ষনের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহীঅফিসার/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ২৪ | বিবিধ | (ক) উপজেলা পরিষদের জীপ গাড়ির ব্যাটারী, ফেন বেল্ট, প্লাগ ওয়ার ও প্লাগ হঠাৎ অকেজো হয়ে যাওয়ায় নতুন করে সংযোজন ও মেরামতের জন্য ২৪,৯০০/- বিল অনুমোদনের নিমিত্ত সভায় উপস্থাপন করা হয়।<br>(খ) মহান ২১ শে ফেব্রুয়ারি ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষ্যে ব্যয় বাবদ ২৫,০০০/- বিল এবং উপজেলা পরিষদের অফিস সরঞ্জাম ক্রয় বাবদ ৫০,০০০/- বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | (ক) জীপ গাড়ির সংযোজন ও মেরামতের জন্য ২৪,৯০০/-বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) মহান ২১ শে ফেব্রুয়ারির ব্যয় বাবদ ২৫,০০০/- এবং উপজেলা পরিষদের অফিস সরঞ্জাম ক্রয় বাবদ ৫০,০০০/- বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| বিগত সভার নিয়মিত রাজস্ব ব্যয়অনুমোদন ও অবহিতকরন | | পরিচ্ছন্নতাকর্মী ও মালীর ডিসেম্বর/২৪ মাসের মজুরী বাবদ (১১,৫৫০/- +১১৫৫০/-) চেক প্রদান চেক নং৮৪০৪২০৪-৫ তাং ০২/০১/২৫। জনাব আব্দুল কাদির, অফিস সহায়ককে ডিসেম্বর/২৪ মাসের আপ্যায়ন বাবদ | বিগত বিভিন্ন সভায় উপজেলা পরিষদ তহবিল | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা |

| | | | |
|---|---|---|---|
| | ৩০,০০০/- চেক প্রদান চেক নং ৮৪০৪২০৬ তাং০২/০১/২৫। জনাব রাহেল আহমদ, অফিস সহায়ককে ডিসেম্বর/২৪ মাসের আনুসংগিক খরচ বাবদ ৫,০০০/- চেক প্রদান চেক নং ৮৪০৪২০৭ তাং০২/০১/২৫ | হতে ব্যয় মাসিক সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়েছে সেগুলোর চেক বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের অনুকূলে বিভিন্ন সময়ে হস্তান্তর করা হয়েছে যা সভায় উপস্থিত সকলকে অবহিত করা হয় এবং পিপি আর ২০০৮ অনুসরন পূর্বক ব্যয় করার নিমিত্তে সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী অফিসার |

সভাপতি জনাব মিলটন চন্দ্র পাল গোলাপগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়ন কর্মকান্ড নিয়ে আলোচনার জন্য ইউপি চেয়ারম্যান, বিভাগীয় প্রধান এবং সভায় সংশ্লিষ্ট অন্যান্য সদস্যগনকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ জানান। । উপজেলার সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সিদ্ধান্তের ভিত্তিতে অগ্রগতি প্রতিবেদন এবং কার্যপত্র প্রস্তুতের নিমিত্ত উন্নয়ন কর্মকান্ডের তালিকা প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণের জন্য জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি উপজেলা পরিষদের মাসিক সাধারন সভার সমাপ্তি ঘোষনা করেন।

মিলটন চন্দ্র পাল
প্রশাসক
উপজেলা পরিষদ
গোলাপগঞ্জ, সিলেট

স্মারকনং-০৫.৪৬.৯১৩৮.০০০.১৬.০০১.১৯.২১৩ তারিখঃ ১৮/০২/২০২৫ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নহে)

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সিলেট।
০৫। প্রশাসক, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
০৬। প্রশাসক, গোলাপগঞ্জ পৌরসভা।
০৭। নির্বাহী প্রকৌশলী---------------------------------- সিলেট।
০৮। উপজেলা--------------------------------------------- অফিসার, গোলাপগঞ্জ, সিলেট।
০৯। চেয়ারম্যান------------------------------------------------ ইউপি (সকল), গোলাপগঞ্জ।
১০। অফিস নথি/ মাষ্টার ফাইল।

CS CamScanner